

**West Bengal State University**  
**B.A./B.Sc./B.Com. (Honours, Major, General) Examinations, 2013**  
**Part - I**

বাংলা — সাধারণ  
 প্রথম পত্র

সময় : ৩ ঘন্টা

পূর্ণমান : ১০০

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয় ।  
 দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্ন মানের নির্দেশক

- ১। যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দিন : ৩ × ১৮ = ৫৪
- ক) রামমোহন রায়কে 'বাংলা গল্পের ভিত্তিপ্রস্তর স্থাপয়িতা' বলা হয় । রামমোহনের গদ্য রচনাবলির উল্লেখ করে এই মন্তব্যের যথার্থতা বিচার করুন ।
- খ) আধুনিক বাংলা মহাকাব্যধারায় মধুসূদনের ভূমিকা উল্লেখ করুন এবং তাঁর অনুসারী অন্য কবিদের রচনাগুলির নাম লিখুন । ১২ + ৬
- গ) বাংলা নাটকে দ্বিজেন্দ্রলাল রায়ের অবদান উল্লেখ করুন ।
- ঘ) ছোটগল্পকার রবীন্দ্রনাথের বিশেষত্বের পরিচয় দিন ।
- ঙ) ঔপন্যাসিক বঙ্কিমচন্দ্রের কৃতিত্ব বিচার করুন ।
- চ) বাংলা সাহিত্যের বিকাশে 'তত্ত্ববোধিনী পত্রিকা' ও 'বঙ্গদর্শন' পত্রিকার ভূমিকা নির্ণয় করুন ।
- ২। যে-কোনো চারটি সম্পর্কে টীকা লিখুন : ৪ × ৪ = ১৬
- সংবাদ প্রভাকর, পথের পাঁচালী, পদ্মানদীর মাঝি, রাজসিংহ, যোগাযোগ, ব্রজাঙ্গনা কাব্য, গীতাঞ্জলি, নীলদর্পণ, রক্তকরবী, বিম্বমঙ্গল, শ্রীকান্ত ।
- ৩। উদাহরণসহ যে-কোনো দুটি বিষয়ে টীকা লিখুন : ২ × ৫ = ১০
- যমক, সমাসোক্তি, ব্যতিরেক, ছেকানুপ্রাস, পূর্ণোপমা সাক্ষরূপক, প্রতীয়মানোৎপ্রেক্ষা ।

৪। যে-কোনো একটি প্রশ্নের উত্তর লিখুন : ১ × ২০ = ২০

ক) গীতিকাব্যের সংজ্ঞা ও বৈশিষ্ট্যের উল্লেখ করুন এবং একজন বাংলা গীতিকবির পরিচয় দিন। ৪ + ৬ + ১০

অথবা

খ) যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন : ২ × ১০ = ২০

অ) সামাজিক উপন্যাস কাকে বলে ? একটি সার্থক সামাজিক উপন্যাসের পরিচয় দিন। ৪ + ৬

আ) পৌরাণিক নাটক কাকে বলে ? একটি পৌরাণিক নাটকের পরিচয় দিন। ৪ + ৬

ই) 'প্রবন্ধ' কাকে বলে ? বাংলা সাহিত্যের একজন সার্থক প্রবন্ধকারের রচনাবলির উল্লেখ করুন। ৪ + ৬

ঈ) যে কোনো দুটি বিষয়ে টীকা লিখুন : ২ × ৫ = ১০

সাহিত্যিক মহাকাব্য, রোমান্স, ব্যক্তিগত প্রবন্ধ, ট্রাজেডি।